46

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... APR 1 3 2000 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৫ ......

# এইচএসসি ॥ ১৩২ ছাত্রীর অংশগ্রহণের বাধা দূর হওয়ার সম্ভাবনা

ইত্তেফাক রিপোর্ট ॥ মতিঝিল মডেল কলেজের ১৩২ জন ছাত্রীর আসন্ন এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের ব্যাপারে বাধা দূর হইতে শুরু করিয়াছে। বিষয়টিকে মানবিক দৃষ্টিকোণ হইতে বিবেচনায় নিয়া উক্ত ছাত্রীদের পরীক্ষা দেওয়ার অনুমতিদানের ব্যাপারে সংশ্লিষ্ট মহল গুরুত্ব সহকারে আলোচনা করিয়াছে। গতকাল রাতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান রুহিল উদ্দিন জানান, দুই-এক দিনের মধ্যে এ ব্যাপারে সিদ্ধান্ত ঘোষণা করা হইবে। কুমিল্লা সংবাদদাতা জানান, ১০ই এপ্রিল জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর জরুরী সার্কুলার ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্তৃপক্ষকে এই ব্যাপারে সিদ্ধান্ত জানাইয়া দিয়াছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের এই সিদ্ধান্ত গ্রহণের ফলে ঢাকার মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের মানবিক বিভাগের ১৩২ জন ছাত্রী কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের অর্ধ শতাধিক পরীক্ষার্থীসহ দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের অধীনে শত শত এইচএসসি পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবে। ১৯৯৮ সালে উচ্চ মাধ্যমিক স্তরের নূতন শিক্ষাক্রম ও পাঠ্যসূচী চালু হয়। এই শিক্ষাক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী এইবারই প্রথমবারের মত উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হইতে যাইতেছে।